আজকের কাগজ

তারিখ ... 21 JAN 1994 ...
পৃষ্ঠা 7 কলাম 2

60

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্রঐক্যের ঘোষণা

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩ সংশোধন প্রতিহত করা হবে

**চট্টগ্রাম অফিস ঃ** গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চাকসু চত্বরে সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ছাত্রঐক্য নেতারা হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, যে কোনো মূল্যে বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসন অধ্যাদেশ '৭৩ সংশোধন প্রতিহত করা হবে। সরকার বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ সংশোধন করে মূলত মুক্ত বুদ্ধি চর্চাকে গলা টিপে হত্যা করার চক্রান্ত চালাচ্ছে। মুক্তিযুদ্ধের চেতনার মধ্য দিয়ে গড়ে ওঠা এ অধ্যাদেশ সংশোধন- মুক্তিযুদ্ধ বিরোধী শক্তির হাতকে শক্তিশালী করার পদক্ষেপ। সেলিম রেজা সৌরভ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ ছাত্র সমাবেশে ৭ দফা দাবি পেশ করা হয়। এ দাবিগুলোর মধ্যে রয়েছে- মাস্টার্স পরীক্ষার পর চাকসু নির্বাচন দেয়া, রেল ও বাসের সংখ্যা বৃদ্ধি করা, ক্যাফেটেরিয়ায় খাবারের মান উন্নত করা, একাডেমিক ক্যালেন্ডার প্রকাশ, সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান হলে ডিস এন্টেনা সংযোজন, কলাভবন চত্বরে মুক্তমঞ্চ স্থাপন ও সকল সন্ত্রাসী কর্মকাণ্ডের বিচার প্রভৃতি।